অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটের পার্কগুলোতে কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাস উদযাপনের উপর গভর্নর হোকলের আলোকপাত

ইভেন্ট, স্থান, কর্মসূচি ও ভার্চুয়াল কন্টেন্টের মাধ্যমে স্টেটের ইতিহাসের উপর আফ্রিকান আমেরিকানদের প্রভাব তুলে ধরা হবে

গভর্নর ক্যাথি হোকল কৃষ্ণাঙ্গ ইতিহাস মাসে ইভেন্ট, অনলাইন কর্মসূচি আয়োজন এবং স্টেট পার্ক ও ঐতিহাসিক স্থানগুলো ভিজিট করার মাধ্যমে স্টেটের ইতিহাসে আফ্রিকান আমেরিকানদের অবদান উদযাপনের জন্য নিউ ইয়র্কবাসীদেরকে আমন্ত্রণ জানিয়েছেন।

"কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাসের জন্য নিউ ইয়র্ক স্টেটে অসাধারণ সাংস্কৃতিক ঐতিহ্য বিদ্যমান, এবং আমাদের পার্ক ও ঐতিহাসিক স্থানগুলো আমাদেরকে আফ্রিকান আমেরিকান কমিউনিটির অমূল্য অবদানের পাশপাশি তাদের মধ্যে অনেকেই আজও যেসব সংগ্রাম ও চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাচ্ছেন সেগুলোর কথা চিন্তা করার সুযোগ করে দেয়," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাস উদযাপনের সময়, একটি উন্নত, অধিকতর ন্যায়পরায়ণ সমাজ গড়ে তোলার জন্য আমাদের সাধ্যমতো সকল প্রচেষ্টা চালানো আমাদের প্রত্যেকের দায়িত্ব। বিভক্ত থাকলে আমরা একাকী ভেঙ্গে পড়বো, কিন্তু একতাবদ্ধ থাকলে আমরা একসঙ্গে মাথা তুলে দাঁড়াতে পারবো।"

স্টেট পার্কস-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আমাদের মিশনের একটি অংশ হলো স্টেটের ঐতিহাসিক ঐতিহ্যকে সুরক্ষিত রাখা ও সংরক্ষণ করা, এবং অতীতে যারা যথাযথ প্রতিনিধিত্ব পাননি তাদেরকে আরো ভালোভাবে অন্তর্ভুক্ত করার জন্য আমাদের বলা গল্পগুলো সম্প্রসারণ করা। কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাস চলাকালীন সময়ে আমাদের কিছু আকর্ষণীয় কর্মসূচির সুযোগ গ্রহণ করার জন্য আমি নিউ ইয়র্কবাসীদেকে উৎসাহিত করছি।"

OGS-এর ভারপ্রাপ্ত কমিশনার জেনেট ময় বলেন, "এম্পায়ার স্টেট প্লাজায় স্টেট পার্কস-এর কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাসের প্রদর্শনী আয়োজন করতে পেরে OGS গর্বিত। আমাদের স্টেটের ইতিহাসে আফ্রিকান আমেরিকানরা যে অগণিত অবদান রেখেছেন সে সম্পর্কে আরো জানতে এবং ট্রান্সআটলান্টিক দাস বাণিজ্যের কারণে দাসত্বের শিকার হওয়া আফ্রিকানদের যে ব্যাপক ভোগান্তির শিকার হতে হয়েছিল সে ব্যাপারে চিন্তাভাবনা করার জন্য আমরা নিউ ইয়র্কবাসীকে এই কনকোর্সের অন্যান্য প্রদর্শনীর সাথে সাথে এই প্রদর্শনীও ভিজিট করার জন্য উৎসাহিত করছি।"

আলবানিতে এম্পায়ার স্টেট প্লাজায় আয়োজিত "একটি অসম্মানজনক বাণিজ্য: ডাচ আটলান্টিক বিশ্বে মানব পাচার" শীর্ষক একটি প্রদর্শনীতে উত্তর আমেরিকা, আটলান্টিক ও আফ্রিকায় 17 শতকের ডাচ দাস ব্যবসা নেটওয়ার্কের প্রভাবের উপর আলোকপাত করা হবে।

26 জানুয়ারি থেকে শুরু করে প্লাজা কনকোর্স ম্যাডিসন এভিনিউ-এর প্রবেশপথের কাছাকাছি আয়োজিত এই প্রদর্শনীতে ডাচ ওয়েস্ট ইন্ডিয়া কোম্পানির আফ্রিকান, ক্যারিবীয়, দক্ষিণ আমেরিকান, উত্তর আমেরিকান, ও ইউরোপীয় বাণিজ্য নেটওয়ার্কের পারস্পরিক সংযোগ অনুসন্ধান করা হয়েছে এবং কুরাকাও ও নিউ নেদারল্যান্ডের মধ্যকার ক্রিয়াকলাপের উপর আলোকপাত করা হয়েছে, যা পরবর্তীতে ইংলিশ কলোনি অব নিউ ইয়র্ক এবং এরপর নিউ ইয়র্ক স্টেটে রূপ লাভ করে। এই প্রদর্শনীতে ডাচ বাণিজ্য নেটওয়ার্ক তৈরি ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে দাসপ্রথা যে ভূমিকা পালন করেছে এবং বাণিজ্যের দ্বারা ক্ষতিগ্রস্ত দাসত্বে আবদ্ধ ব্যক্তিদের জীবনে এর প্রভাব অনুসন্ধান করা হয়েছে।

2015 সাল থেকে 2018 সাল পর্যন্ত রেনসেলার কাউন্টিতে ক্রেইলো স্টেট ঐতিহাসিক স্থানে ইয়েল ইউনিভার্সিটির (Yale University) গিল্ডার লেহরম্যান সেন্টার ফর দ্যা স্টাডি অব স্লেভারি অ্যাবোলিশন এন্ড রেসিস্ট্যান্স (Gilder Lehrman Center for the Study of Slavery, Abolition and Resistance)-এর তরফ থেকে পাওয়া একটি অনুদানের সহায়তায় পার্কের কর্মীদের তৈরি করা এই প্রদর্শনী এবং ইয়েল ইউনিভার্সিটির ইয়েল পাবলিক হিস্টোরি ইনস্টিটিউট (Yale Public History Institute)-এ একটি আকর্ষণীয় অধ্যয়ন সেশন আয়োজন করা হয়েছিল। পরবর্তীতে এটি স্কেনেকটেডি কাউন্টি হিস্টোরিকাল সোসাইটি (Schenectady County Historical Society)-কে ধার দেওয়া হয় এবং পরবর্তীতে রটারড্যাম জাংশনে মাবি ফার্ম হিস্টোরিক সাইটে প্রদর্শন করা হয়।

কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাস উদযাপনের সূচনা ঘটেছিল 1915 সালে এবং শিকাগোতে 50তম জাতীয় দাসত্ব মুক্তি উদযাপন অনুষ্ঠানে আফ্রিকান আমেরিকান ইতিহাসবিদ, লেখক ও সাংবাদিক কার্টার জি. উডসন একটি ইতিহাস প্রদর্শনীর আয়োজন করেছিলেন। 1926 সালে উডসন দেশব্যাপী উদযাপিত অনুষ্ঠান হিসেবে নিগ্রো ঐতিহাসিক সপ্তাহের জন্য ফেব্রুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহকে নির্বাচন করেন। এটি সম্প্রসারিত হয়ে মাসব্যাপী উদযাপিত অনুষ্ঠানে পরিণত হয় এবং 1976 সালে যুক্তরাষ্ট্রের দ্বিশতবার্ষিকীর সময়ে প্রেসিডেন্ট জেরাল্ড ফোর্ড এটিকে ফেডারেল স্বীকৃতি প্রদান করেন।

ড. উডসনের জীবন ও কর্ম সম্পর্কে, এবং তার অ্যাসোসিয়েশন ফর দ্যা স্টাডি অব আফ্রিকান আমেরিকান লাইফ এন্ড হিস্টোরি (Association for the Study of African American Life and History, ASALH) প্রতিষ্ঠা করা সম্পর্কে আরো জানার জন্য দেখুন https://asalh.org।
ফেব্রুয়ারি মাসে স্টেট পার্কসের অনুষ্ঠান ও কর্মসূচিগুলোর সময়সূচি নিম্নরূপ:

- 13 ফেব্রুয়ারি, সকাল 10:30 থেকে দুপুর 12:30, কানেক্টিকাট রিভার স্টেট পার্ক রিজার্ভ, "বিজ্ঞানের অগ্রপথিক" - আধুনিক বিজ্ঞানের ভিত্তি গড়ায় কৃষ্ণাঙ্গ বিজ্ঞানীদের অবদান

সম্পর্কে জানা এবং প্রাসঙ্গিক পরীক্ষা-নিরীক্ষাগুলোর প্রদর্শনী দেখা। Eventbrite.com-এ গিয়ে এবং #NatureEdventure লিখে অনুসন্ধানের মাধ্যমে নিবন্ধন করা আবশ্যক।

- 19 ফেব্রুয়ারি দুপুর 1:30 থেকে বিকাল 3টা, কানেক্টিকাট রিভার স্টেট পার্ক রিজার্ভ, "বাসকুইয়াটের শিল্পকর্ম" - প্রয়াত জিন-মাইকেল বাসকুইয়াট ছিলেন একজন আফ্রিকান আমেরিকান শিল্পী যার কাজের মধ্যে দিয়ে তিনি আফ্রিকান আমেরিকান ঐতিহাসিক ব্যক্তি, জ্যাজ মিউজিশিয়ান, ক্রীড়া ব্যক্তিত্ব ও লেখকদের স্মৃতিচারণ করা হয়েছে এবং এর পাশাপাশি তিনি নিরীক্ষণের একটি হাতিয়ার হিসেবে সামাজিক ধারাভাষ্য ব্যবহার করে একটি সেলফ-পোর্ট্রেট সিরিজ ও অন্যান্য কাজ করেছেন। অংশগ্রহণকারীদেরকে সেই অনুপ্রেরণা ব্যবহার করে তাদের নিজের সেলফ-পোর্ট্রেট অঙ্কন করতে উৎসাহিত করা হচ্ছে। ইভেন্টের দুই সপ্তাহ আগে থেকে Eventbrite.com-এ গিয়ে এবং #NatureEdventure লিখে অনুসন্ধানের মাধ্যমে রিজার্ভেশন করার সুযোগ থাকবে।
- "বিকল্প, চাকর ও সৈনিক: নিউ উইন্ডসর ক্যান্টনমেন্টে কৃষ্ণাঙ্গ উপস্থিতি," 19 ফেব্রুয়ারি, দুপুর 2টায়, ক্লারমন্ট স্টেট ঐতিহাসিক সাইট, - 1782-1783 সালে নিউ উইন্ডসরে ক্যাম্প করে থাকা কন্টিনেন্টাল আর্মির 7,500 জন সৈনিকের মধ্যে আফ্রিকান বংশোদ্ভূত সৈনিক ছিলেন যারা নিজেদের স্বাধীন ইচ্ছায় অথবা তাদের মালিকানা দাবি করা লোকদের বদলি হিসেবে যোগ দিয়েছিলেন। এসব সৈনিক সম্পর্কে এবং আমেরিকার বিপ্লবী যুদ্ধের ক্যাম্পে তাদের অবদান সম্পর্কে আরো জানুন। মোফাট লাইব্রেরি অব ওয়াশিংটনভিল (Moffat Library of Washingtonville)-এর হেড অব রেফারেন্স এন্ড অ্যাডাল্ট সার্ভিসেস, ম্যাথিউ থোরেঞ্জ এই কর্মসূচি উপস্থাপন করবেন। এছাড়াও থোরেঞ্জ একজন স্বতন্ত্র ইতিহাসবিদ যিনি তার গবেষণা পরিচালনার সময়ে নিউ উইন্ডসর ক্যান্টনমেন্ট স্টেট ঐতিহাসিক স্থানে মিউজিয়াম এডুকেটর হিসেবে সাত বছর ধরে কর্মরত ছিলেন। তিনি আমেরিকার বিপ্লব ও প্রথম বিশ্বযুদ্ধ সম্পর্কে কয়েকটি নিবন্ধ প্রকাশ করেছেন। এই অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য মাস্ক পরা বাধ্যতামুলক। https://www.friendsofclermont.org/events-এ অগ্রিম নিবন্ধন করতে হবে।
- 25 ফেব্রুয়ারি, সন্ধ্যা 6:30 থেকে রাত 8:30, কানেক্টিকাট রিভার স্টেট পার্ক প্রিজার্ভ, "প্ল্যানেট এক্সপ্লোরার্স" - আবহাওয়া অনুকূলে থাকলে, নক্ষত্র দেখতে দেখতে কৃষ্ণাঙ্গ জ্যোতির্বিদ ও নভোচারীদের অবদান সম্পর্কে আরো জানুন। Eventbrite.com-এ গিয়ে এবং #NatureEdventure লিখে অনুসন্ধানের মাধ্যমে নিবন্ধন করা আবশ্যক।

ফেব্রুয়ারি মাসের প্রত্যেক বৃহস্পতিবার, আলবানি সিটিতে অবস্থিত স্কুইলার ম্যানশন স্টেটের ঐতিহাসিক স্থানের কর্মীরা স্কুইলার পরিবারের একটি করে ঐতিহাসিক পোর্ট্রেট নিবে এবং কৃষ্ণাঙ্গদের ইতিহাসের দৃষ্টিভঙ্গির মাধ্যমে পুনরায় ব্যাখ্যা করবে। এই ম্যানশনটি ফিলিপ স্কুইলারের সাবেক বাড়ি, যিনি বিপ্লবী যুদ্ধের একজন জেনারেল, যুক্তরাষ্ট্রের সিনেটর, এবং একজন ব্যবসায়ী ছিলেন যিনি নিজেও তার স্টেটে লোকজনকে দাস হিসেবে রেখেছিলেন। এই কর্মসূচি ইনস্টাগ্রামে আয়োজন করা হচ্ছে এবং #schuylermansion হ্যাশট্যাগ ব্যবহার করে খুঁজে বের করা যাবে।

ওয়েস্টচেস্টার কাউন্টির জন জে হোমস্টেড ঐতিহাসিক স্থানে 24 ফেব্রুয়ারি সন্ধ্যা 6টায় একটি ভার্চুয়াল লেকচার আয়োজন করা হবে যা জে পরিবারের সাত প্রজন্ম ব্যাপী দাসত্বের ইতিহাসকে

পরীক্ষা করে দেখবে। জন জে আমেরিকান বিপ্লবে একজন প্রসিদ্ধ ব্যক্তি ছিলেন এবং যুদ্ধ শেষে ইংল্যান্ডের সঙ্গে শান্তি চুক্তি নিয়ে সমঝোতার ক্ষেত্রে সাহায্য করেছিলেন।

এই অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য www.johnjayhomestead.org ওয়েবসাইটে নিবন্ধন করা বাধ্যতামূলক। এছাড়াও এই ওয়েবসাইটে ভার্চুয়াল প্রদর্শনী, স্কুল কর্মসূচি ও ট্যুরের ব্যবস্থা রয়েছে যেখানে দাসমালিক হিসেবে জে পরিবারের ইতিহাস, এবং দাসপ্রথার উচ্ছেদের জন্য জে পরিবারের পরবর্তী প্রজন্মগুলোর নিবেদিত প্রচেষ্টার ইতিহাস নিয়েও অনুসন্ধান করা হয়েছে।

লং আইল্যান্ড অঞ্চলে, জোন্স বিচ এনার্জি ও ন্যাচার সেন্টার (Jones Beach Energy & Nature Center) 26 ফেব্রুয়ারি দুপুর 2টার সময় "দ্যা ফ্যালকনার" নামে একটি ফিল্মের স্ক্রিনিং আয়োজন করবে, যা আফ্রিকান আমেরিকান ফ্যালকনার রডনি স্কটস সম্পর্ক তৈরি করা একটি ডকুমেন্টারি, যিনি তার নিজের জীবনের গতিপথ পাল্টানোর জন্য এই প্রাচীন ক্রীড়াকে ব্যবহার করেছেন, এবং তারপর শহরের অভ্যন্তরের তরুণদের একটি উন্নত পথ খুঁজে নিতে সাহায্য করেছেন। তার উইংস ওভার আমেরিকা (Wings Over America) নামক একটি অলাভজনক সংস্থা আছে, যা ওয়াশিংটন, ডিসি এলাকায় স্কুলগুলোতে ভিজিটের প্রচারণা চালায়। এছাড়াও 24 থেকে 28 ফেব্রুয়ারি পর্যন্ত অনলাইনে সেন্টারটির ওয়েবসাইটে, https://www.jonesbeachenc.org/-এও এই ফিল্মটি পাওয়া যাবে।

লং আইল্যান্ড অঞ্চলের কয়েকটি স্টেট পার্কে উল্লেখযোগ্য আফ্রিকান আমেরিকানদের সম্পর্কে প্রদর্শনীর আয়োজন করা হবে, যার মধ্যে ওয়েস্ট হেম্পস্টেডে, হেম্পস্টেড লেক স্টেট পার্কের এনভায়রনমেন্টাল এডুকেশন এন্ড রেজিলিয়েন্সি সেন্টার (Environmental Education and Resiliency Center); ওয়ানটাঘ, ওয়েস্ট এন্ডে জোন্স বিচ স্টেট পার্কের এনার্জি ও ন্যাচার সেন্টার; ওয়ানটাঘে জোন্স বিচ স্টেট পার্ক, ফিল্ড 4, সেন্ট্রাল মল; ব্যাবিলনে লং আইল্যান্ড স্টেট পার্কস আঞ্চলিক সদরদপ্তরের লবি; নিসেকিউগি রিভার স্টেট পার্ক, কিংস পার্ক - প্রশাসনিক ভবন; এবং অয়েস্টার বে-এর প্ল্যান্টিং ফিল্ডস আর্বোরেটাম স্টেট হিস্টোরিক পার্ক ভিজিটর সেন্টার ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। কর্মঘণ্টা সম্পর্কে জানার জন্য ফ্যাসিলিটিগুলোর সাথে যোগাযোগ করুন।

এছাড়াও স্টেট পার্কস ব্লগে আফ্রিকান আমেরিকান ইতিহাসের উপাদানগুলো, যেমন ডাচ কলোনিয়াল-যুগের আফ্রিকান আমেরিকান পিঙ্কস্টার ছুটির দিন, 19 শতকের উচ্ছেদবাদী সোজোর্নার ট্রুথ ও হাডসন ভ্যালিতে তার জীবন, 19 শতকের জুনটিন্থ এর দাসত্ব মুক্তির ছুটির দিন, 19 শতকের মাঝামাঝি সময়ে অ্যাডিরনড্যাক একটি আফ্রিকান-আমেরিকান কমিউনিটি তৈরি, 20 শতকের শুরুতে ফোর্ট অন্টারিওতে আফ্রিকান-আমেরিকান সৈনিকদের অবস্থান গ্রহণ, এবং বৃহৎ মন্দার সময়ে নিউ ইয়র্ক স্টেটে সিভিলিয়ান কনজার্ভেশন কর্পস-এ আফ্রিকান আমেরিকান নেতৃবৃন্দের ভূমিকা, ইত্যাদি সম্পর্কে সম্প্রতি পোস্ট করা হয়েছে।

অনলাইনে https://parks.ny.gov/history/black-history/default.aspx ওয়েবসাইটে এসব উপাদান ও আরো অনেক কিছু সম্পর্কে স্টেট পার্কগুলোর একটি ওয়েবপেইজের রূপরেখা বিদ্যমান রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে আনুমানিক 78 মিলিয়ন দর্শনার্থী ভিজিট করে থাকে। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টুইটারে আমাদের সাথে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418